

আরবী প্রভাষক ও সহকারী মৌলভী দের জন্য ভাইভা নির্দেশিকা।

বিষয় :-আরবী সাহিত্য (জাহেলি যুগ)

লেকচার -০১

আরবী সাহিত্যের যুগ ৫ টি।

১/জাহেলি যুগ ৫০০-৬১০

২/ ইসলামী যুগ ৬১০-৭৫০

৩/ আব্বাসী যুগ ৭৫০-১২৫৮

৪/ রেনেসাঁ পূর্ব যুগ/ তুর্কী যুগ ১২৫৮-১৮৫০

৫/ আধুনিক যুগ ১৮৫০-বর্তমান।

কেউ কেউ ইসলামী যুগ এর ৬৬১-৭৫০ খ্রি: পর্যন্ত উমাইয়া যুগ ধরেন। তাদের মতে আরবী সাহিত্যের যুগ ৬ টি।

আরবী সাহিত্যের উৎপত্তি হয়েছে কবিতা দিয়ে। কবিতা এর আরবী শব্দ الشعر

و ما علمناه الشعر و ما ينبغي له ان الا ذكر و قران مبنى و ما علمناه الشعر و ما ينبغي له ان الا ذكر و قران مبنى

الشعر কি

هو كلام منظوم موزون مقفي يدل علي معني

অর্থাৎ পূর্ণাঙ্গ অর্থ প্রকাশক, ছন্দোবদ্ধ ও অন্ত:মিল যুক্ত কথা কে شعر বা কবিতা বলে।

البيت? কি

কবিতার প্রতিটি লাইন কে البيت বলে।

بحر? কি

আরবী কবিতার ছন্দ কে بحر বলে।

আরবী ছন্দের আবিষ্কারক খলিল ইবনে আহমদ।

আরবী ছন্দ ষোল টি। তা হলোঃ-

তাবীল, মাদীদ, বাসীত, ওয়াফির, কামিল, হাযাজ, রাজায়, রামাল, সারীহ, মুনসারিহ, খাফিফ, মুদারি, মুকতাদাব, মুজতা, মু
তাকারিব, মুতাদারিক।

قافية:-আরবী কবিতার অন্ত:মিল কে قافية বলে।

*** কবি মুহাললিল বিন রাবিয়া তার ভাই কুলাইবের মৃত্যুতে (৫১০-৫১৫) যে কবিতা রচনা করেন তাই আরবী সাহিত্যের প্রথম কবিতা।

জাহেলি যুগ ও সাবযায়ে মুয়াল্লাকা :-জাহেলি যুগের অন্যতম গুরুত্বপূর্ণ নিদর্শন সাবযায়ে মুয়াল্লাকা। জাহেলি যুগীয় প্রসিদ্ধ সাতটি কাসিদা বা কবিতাই হলো সাবযায়ে মুয়াল্লাকা। معلقة শব্দটি واحد مونت , ইসমে মাফউল এর সিগাহ,বহুবচনে معلقات বাবে تفعيل, অর্থ ঝুলন্ত বস্তু,ঝুলানো,টাংগানো।

মনে করা হয়, প্রতিটি কবিতা প্রতি বছর ওকায় মেলায় কবিতা প্রতিযোগিতায় প্রথম হয়ে কাবার দেওয়ালে ঝুলিয়ে রাখা হতো তাই এই নামকরণ করা হয়েছে।

শব্দটি কুরআন মাজীদ এ পাওয়া যায়। যেমন

فلا تميلوا كل الميل فتذرواها كالمعلقة

সূরা নিসা:- আয়াত ১২৯

শব্দটি হাদিসেও পাওয়া যায়।যেমন

الرحم معلقة بالعرش

সাত জন মুয়াল্লাকা রচয়িতার নাম

ইমরুল কায়েস, কবিতার প্রথম লাইন/১

قفا نبك من ذكري حبيب و منزل *بسقط اللوي بين الدخول فحومل

২/ তারাফা ইবনে আবদ

لخولة اطلال ببرقة ثممد* تلوح كباقي الوسم في ظاهر اليد

৩/ যুহায়র ইবনে আবী সালমা

امن ام اوفي دمنة لم تكلم*يحو مائة الدراج فالمتثلتم

৪/লাবীদ ইবনে রাবিয়া

عفت الديار محلها فمقامها*بمني تابد غولها فرجامها

৫/আনতারা ইবনে শাদ্দাদ

هل غادر الشعراء من متردم*ام هل عرفت الدار بعد توهم

৬/আমর ইবনে কুলছুম

الا هبى بصحنك فامبحينا*و لا تبقي خمور الا ندرينا

৭/হারিছ ইবনে হিল্লিয়া

اذ نتنا ببينها اسماء*رب ثاو يمل منه الثواء

আরো কিছু প্রশ্নোত্তর

০১/মুয়াল্লাকা সংকলকের নাম কি?

হাম্মাদ বিন রাবিয়া

০২/আরবী কবিতার জনক কে?

ইমরুউল কায়েস

০৩/ আরবী সাহিত্যের আদি রুম কি?

ছন্দোবদ্ধ গদ্য

০৪/আরবী সাহিত্যের উৎপত্তি কি দিয়ে?

কবিতা

০৫/ ছন্দের আবিষ্কারক কে?

খলিল ইবনে আহমদ

০৬/ ইমরুউল কায়েসের প্রকৃত নাম কি?

জুনদুহ

০৭/জাহেলি ও ইসলামি যুগ পেলে তাদের কি কবি বলা হয়?

مخضرم

০৮/ কবিতায় আল্লাহ শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

জুহাইর ইবনে আবি সালমা

০৯/ আরবী বক্তব্যে কে সর্বপ্রথম আম্মা বাদ শব্দটি ব্যবহার করেন?

কুছ বিন সায়েদা

১০/কবি ইমরুল কায়েসের প্রেমিকার নাম কি?

উনায়যা।

১১/কবি যুহাইর এর প্রেমিকার নাম কি?

আউফা

১২/কবি হুরফার প্রেমিকার নাম কি?

খাওলা।

আরবি কবি-সাহিত্যিক দের উপনাম/উপাধি।

- ০১/শায়েরুন নীল/ নীল নদের কবি- হাফিজ ইবরাহীম।
০২/দুই ভূখন্ডের কবি - খলিল মুতরান।
০৩/ আমিরুশ শয়ারায়া - আহমদ শাওকি।
০৪/প্রকৃতির কবি- মারুফ আর রুছাফি।
০৫/ছন্দের জাদুকর /উপমার কবি/ভবঘরে যুব রাজ/ জাহান্নাম এর পতাকা বাহী কবি- ইমরুল কায়েস।
০৬/শায়েরুশ শয়ারায়া -মাহমুদ সামী আল বারুদী।
০৭/নোবেল বিজয়ী কবি-নাজীব মাহফুজ।
০৮/দার্শনিক কবি- আবুল আলা আল মায়াররী।
০৯/আরবীয় নজরুল/ স্বাধীনতার কবি- হাফিজ ইবরাহিম।
১০/আরবীয় জীবনান্দ- মারুফ আল রুছাফি।
১১/দুঃখ বাদী কবি-শানফারা।
১২/ শায়িরুর রাসুল- হাসান বিন সাবিত।
১৩/ মাকামা সাহিত্যের জনক- বদিউজ্জামান হামাদানি।
১৪/নাটকের জনক- মারুন আন নাক্কাস।
১৫/ আধুনিক আরবি নাটকের জনক- তাওফিক আল হাকীম।
১৬/গীতি নাট্যের প্রবর্তক -আহমদ শাওকি।
১৭/উপন্যাস এর জনক - আনতোন আল শাকীল।
১৮/ছন্দের আবিষ্কারক- খলিল বিন আহমদ।

প্রনয়ণে :- হারুন অর রশীদ।

প্রভাষক, কামালিয়া চালা আলিম মাদ্রাসা।

বিএ অনার্স,এম.এ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।

এমএম, ইসলামী বিশ্ববিদ্যালয়।

বিএমএড, জাতীয় বিশ্ববিদ্যালয়।

HarunSir 01739656968